দৈনিক ইনকিলাব

তারিখ 21 MAR 1989
পৃষ্ঠা 5 কলাম 7

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

018

# সম্পাদক সমীপে

মতামতের জন্য সম্পাদক দায়ী নন

## পরীক্ষা দেয়ার সুযোগ দিন

সেশনজটের কারণে আমাদের সম্মান ১৯৮৭ সনের পরীক্ষা এমনিতেই ১৯৮৯ ইং সনের মাঝামাঝি সময়ে হতে যাচ্ছে। সাবসিডিয়ারী পরীক্ষায় যারা '৮৬ সনে অন্ততঃ একটি বিষয়ে পাস করেছে তাদের সম্মান পরীক্ষা দেওয়ার অনুমতি দেয়া হয়েছে। অথচ যারা ৮৬ সনে পাস করেনি কিন্তু ৮৭ সনে একটি বা দু'টি বিষয়ে পাস করেছে তাদের পরীক্ষা দেওয়ার অনুমতি দেওয়া হয় নাই। গত বছর এরকম করে শেষে তাদের পরীক্ষা দেয়ার অনুমতি দেয়া হয়েছিল। এ বৎসর ছাত্ররা সম্মান পরীক্ষার সম্পূর্ণ প্রস্তুতি নেয়া সত্ত্বেও তাদের পরীক্ষা দেয়ার অনুমতি দেওয়া হয় নাই। এদিকে ফরম পূরণের সময়ও শেষ হয়ে যাচ্ছে। কিন্তু কর্তৃপক্ষ এর কোন সুরাহা করেননি। আমাদের বয়স এমনিতেই বেড়ে যাচ্ছে। আমাদের অভিভাবকরা আর খরচ বহন করতে পারছেন না। এমতাবস্থায় যারা '৮৭ সনের সাবসিডিয়ারী পরীক্ষায় দু'টি বা একটি বিষয়ে পাস করেছে এরকম হাজারো ছাত্র-ছাত্রী ফরম পূরণের অনুমতি না পেলে তারা নৈতিক, সামাজিক ও সর্বোপরি মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়বে। এতে অভিভাবকরাই আর্থিক দিক থেকে ক্ষতিগ্রস্ত হবেন। অতএব ১৯৮৭ সনে সাবসিডিয়ারী পরীক্ষায় যারা দু'টি বা একটি বিষয়ে পাস করেছে তাদের সম্মান পরীক্ষা দেয়ার অনুমতি দিতে কর্তৃপক্ষের নিকট অনুরোধ জানাচ্ছি।

—জ রেজাউল করিম (রতন),
জগন্নাথ বিববিদ্যালয়
কলেজ, ঢাকা।